খুলনায় বিএনপি নেতার ছেলেকে গুলি করে হত্যা



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের খুলনা সফরের দিনেই জেলার ডুমুরিয়া উপজেলায় তরিকুল ইসলাম শেখ (৩৫) নামে এক যুবককে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত তরিকুল ১২ নম্বর রংপুর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক আব্দুস সালাম শেখের ছেলে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) দুপুরে উপজেলার আমভিটা-রামকৃষ্ণপুর এলাকার জোড়া বটতলায় গফফারের চায়ের দোকানে এ ঘটনা ঘটে।

ডুমুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার হাফিজুর রহমান জানান, বাড়ির সামনের একটি চায়ের দোকানে বসে ছিলেন তরিকুল। এ সময় মোটরসাইকেলে আসা দুই ব্যক্তি তাঁকে লক্ষ্য করে গুলি ছুড়ে পালিয়ে যান। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। কারা এবং কী কারণে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে।

এর আগে প্রধানমন্ত্রীর খুলনা সফরের ৩৬ ঘণ্টার মধ্যে মহানগরী ও রূপসায় চারটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। এর মধ্যে খুলনা মহানগরীতে দুটি হত্যাকাণ্ড এবং রূপসায় দুটি মরদেহ উদ্ধারের ঘটনা রয়েছে।

LENS ASIA